



ইলেক্ট্ৰিসিটি জেনাৰেশন কোম্পানী অব বাংলাদেশ
(ইজিসিবি) লিঃ
ইউনিক হাইট্‌স, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ,
ঢাকা-১২১৭
ওয়েবঃ www.egcb.gov.bd

নম্বর: ২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২২.২২.৫৭১

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

অফিস আদেশ

ইলেক্ট্ৰিসিটি জেনাৰেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড-এ সৱাসরি নিয়োগ প্ৰদানের লক্ষ্যে গঠিত সিলেকশন কমিটির সুপারিশের প্ৰেক্ষিতে ২৮/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইজিসিবি বোর্ডের ০২/২০২৩-তম সভার সিদ্ধান্তক্রমে ইজিসিবি-এ উপব্যবস্থাপক (কোম্পানি সচিবালয়) পদে নিম্নোক্ত প্ৰার্থীকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে চুক্তিভিত্তিক নিয়োগ প্ৰদান করা হলোঃ

ক্রমিক নং	নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	রোল নং	বর্তমান ঠিকানা	নিয়োগকৃত পদ	যোগদানের দপ্তর
১	২	৩	৪	৫	৬
১.	সুব্রত কুমার বিশ্বাস, পিতার নাম: প্ৰশান্ত কুমার বিশ্বাস গ্রাম: বেলাট দৌলতপুর, ডাকঘর: হাট বারো বাজার, থানা: কালীগঞ্জ, জেলা: ঝিনাইদহ	১৩০০০২৪	বাড়ী: ৪২, ব্লক: সি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা	উপব্যবস্থাপক (কোম্পানি সচিবালয়)	কর্পোরেট অফিস, ইজিসিবি

নিয়োগের শর্তাবলীঃ


১।	নিয়োগের মেয়াদ	: চুক্তি ভিত্তিক এ নিয়োগ প্রাথমিকভাবে ৩(তিন) বছরের জন্য হবে।
২।	প্রবেশনকাল	: ৬ (ছয়) মাস প্রবেশনকাল হিসেবে থাকবে। প্রবেশনকালে সন্তোষজনক পারফরমেন্স, পুলিশ ভেরিফিকেশন এর সন্তোষজনক রিপোর্ট সাপেক্ষে চাকরি confirm করা হবে। প্রবেশনে থাকাকালীন পারফরমেন্স নির্ধারিত মানের নিম্ন বিবেচিত হলে বা তথ্যগত ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে বা কোন ফৌজদারী মামলায় দণ্ডিত হলে বা শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদসহ প্রয়োজ্য অন্যান্য সনদ/ডকুমেন্ট মিথ্যা/ভুল প্রমাণিত হলে কিংবা অফিস শৃঙ্খলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তার চাকুরির অবসান (Termination without any benefits) ঘটানো হবে।
৩।	বেতন	: প্রারম্ভিক মূল বেতন-৭০,০০০.০০ (সত্তর হাজার) টাকা মাত্র।
৪।	ভাতাদি, বোনাস, বার্ষিক বেতন বৃদ্ধি ইত্যাদি	: ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭, প্রচলিত বিধি/ নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
৫।	ছুটি নগদায়ন	: ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।

৬।	প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ও গুপ ইন্সুরেন্স	: সিপিএফ রুলস, গ্রাচুইটি রুলস এবং গুপ ইন্সুরেন্স এর প্রচলিত নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
৭।	চাকরি থেকে অপসারণ, অব্যাহতি, ইস্তফা	: ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
৮।	সার্ভিস বেনিফিট	: ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭, প্রচলিত বিধি/ নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
৯।	চুক্তি স্বাক্ষর	: ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ এর ৩.২.২ (এম) অনুযায়ী যোগদানের পূর্বে নির্ধারিত ফরমে স্বাক্ষর করে চুক্তি সম্পাদন এবং Fidelity & Secrecy এর Declaration দিতে হবে।
১০।	চাকরির শর্তাবলী সংশোধন/ পরিবর্তন	: কোম্পানীর বিধিমালা/ নীতিমালা/ প্রভিশন সংশোধন/ পরিবর্তন/ সংযোজন/ পরিবর্তন/ পরিমার্জনসহ উল্লিখিত চাকরির শর্তাবলী সংশোধন/বিয়োজন এর ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সে অনুযায়ী উহা প্রযোজ্য/ কার্যকর হবে।
১১।	যোগদান	: নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা পদস্বকৃত দপ্তরে উপস্থিত হয়ে ব্যবস্থাপনা পরিচালক বরাবর যোগদান পত্র পেশ করবেন। যোগদান পত্র গৃহীত হওয়ার পর তার চাকরি ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ সহ প্রদেয় অন্যান্য বিধি/ নীতিমালা/প্রভিশন অনুযায়ী নিয়ন্ত্রিত হবে। প্রার্থী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে থাকলে যোগদানের সময় বর্তমান কর্মস্থল হতে ছাড়পত্র সংগ্রহ করে দাখিল করতে হবে।
১২।	যোগদানের সময়সীমা	: উপরিউক্ত শর্তাবলী সাপেক্ষে আগামী ১৯/০৩/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ যোগদান করবেন। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় অঙ্গীকারনামা/সম্মতিপত্রে স্বাক্ষর করে জমা দিতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদেয় হবে না।

২। যোগদানের সময় পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর সত্যায়িত কপি, নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কাগজপত্রের সত্যায়িত কপিসহ নিজ জেলার ইউপি/সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, শারীরিক উপযুক্ততার স্বপক্ষে রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি যোগদানপত্রের সাথে জমা দিতে হবে।

যোগদানের পর **Personal Data Sheet (PDS)** ও **Nominee Form** পূরণ করত: এতদসংক্রান্ত প্রয়োজনীয় কাগজ-পত্র এইচআরএম বিভাগে ৭(সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে জমা দিতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



৫-৩-২০২৩

এস এম আতিকুর রহমান

উপ-মহাব্যবস্থাপক(এইচআরএম)

ফোন: 02-55138633-36

ফ্যাক্স: 02-55138637

ইমেইল: info@egcb.com.bd

নম্বর: ২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২২.২২.৫৭১/১(১৩)

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ২) নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নির্বাহী পরিচালক (পিএন্ডডি) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৩) নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৪) নির্বাহী পরিচালক(ওএন্ডএম), নির্বাহী পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৫) প্রধান প্রকৌশলী (সকল), ইজিসিবি লিঃ।
- ৬) মহাব্যবস্থাপক (সকল), ইজিসিবি লিঃ
- ৭) কোম্পানী সচিব, কোম্পানী সচিব এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৯) অফিস সহকারী (ডেসপাচ) (অতিরিক্ত দায়িত্ব), উপ-ব্যবস্থাপক (প্রশাসন)_ কর্পোরেট অফিস এর দপ্তর , ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)



৫-৩-২০২৩

মোঃ আব্দুল করিম

ব্যবস্থাপক (এইচআরএম)